

জাতিসংঘ

জাতিসংঘ গঠনের ইতিহাসঃ

লন্ডন ঘোষণাঃ ১২জুন, ১৯৪১ সালে জার্মানি ব্রিটেন আক্রমণ করে। সে বছরেরই জুন মাসেই লন্ডনে ইউরোপের নয়টি প্রবাসী সরকার (এরা হলো- ফ্রান্স, যুগোস্লাভিয়া, পোল্যান্ড, চেকোস্লোভাকিয়া, বেলজিয়াম, গ্রিস, নরওয়ে, লুক্সেমবার্গ এবং নেদারল্যান্ড) এবং নিউজিল্যান্ড, ইউনিয়ন অব সাউথ আফ্রিকা, যুক্তরাজ্য মিলিতভাবে যুদ্ধ বন্ধ এবং বিশ্বে শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে যে ঘোষণা দেন সেটাই লন্ডন ঘোষণা হিসেবে পরিচিত। লন্ডন ঘোষণাকে জাতিসংঘ গঠনের প্রথম পদক্ষেপ হিসেবে বিবেচনা করা হয়।

আটলান্টিক সনদঃ মার্কিন প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট এবং ব্রিটিশ প্রধানমন্ত্রী উইনস্টন চার্চিল আটলান্টিক মহাসাগরে ব্রিটিশ রণতরী প্রিন্সেস অব ওয়েলস- এ ১৯৪১ সালের ১৪ আগস্ট একটি বৈঠকে বসেন। সেখান থেকে পরবর্তীতে যুদ্ধোত্তর বিশ্বে শান্তি ও নিরাপত্তার লক্ষ্যে যে ঘোষণা দেয়া হয় সেটি **আটলান্টিক সনদ** নামে পরিচিত। আটলান্টিক সনদ জাতিসংঘ গঠনের একটি গুরুত্বপূর্ণ হিসেবে বিবেচনা করা হয়।

ওয়াশিংটন ঘোষণাঃ ১৯৪২ সালের ১ জানুয়ারি মার্কিন প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট, ব্রিটিশ প্রধানমন্ত্রী সোভিয়েত প্রতিনিধি ম্যাক্সিম লিটভিনভ এবং চীনের প্রতিনিধি টি. ভি. শং ওয়াশিংটনে বৈঠকে মিলিত হন এবং একটি চুক্তিতে স্বাক্ষর করেন। ২ জানুয়ারি মিত্রপক্ষের আরো ২২টি দেশের স্বাক্ষরের মাধ্যমে দলিলটিকে “জাতিসংঘ ঘোষণা” হিসেবে আখ্যায়িত করা হয়।

মস্কো সম্মেলনঃ ১৯৪৩ সালের ১৯-৩০ অক্টোবর যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য এবং সোভিয়েত ইউনিয়ন পররাষ্ট্র মন্ত্রীরা মস্কোতে একটি বৈঠকে বসেন এবং সেখানে ৭ দফা চুক্তি প্রণয়ন করেন। ৭ দফার মধ্যে, ৪ নং এবং ৭ নং দফায় উল্লেখ ছিল একটি আন্তর্জাতিক সংগঠন তৈরির প্রয়াস। ৪ নং এবং ৭ নং দফা দুটি থেকেই জাতিসংঘ নামের উৎপত্তি হয়।

তেহরান সম্মেলনঃ এই সম্মেলনের ব্যাপ্তিকাল ২৮ নভেম্বর- ১ ডিসেম্বর, ১৯৪৩। হে সম্মেলন শেষে সকল দেশকে সংগঠনের যোগদানের জন্য আহ্বান জানানো হয়। নেতারা আন্তর্জাতিক সংগঠনের ঘোষণা দেন এবং স্থায়ী শান্তি প্রতিষ্ঠার ব্যাপারে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

ডায়াব্রটন ওকস সম্মেলনঃ ১৯৪৪ সালের ২১ আগস্ট থেকে ২৮ সেপ্টেম্বরের ডায়াব্রটন ওকস ভবনে জাতিসংঘ গঠনের গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এ সম্মেলনে সংগঠনের রূপরেখা গ্রহণ, নিরাপত্তা পরিষদ গঠন এবং কাজিক্ত সংগঠনের নামকরণ করা হয়। জাতিসংঘের অঙ্গ সংগঠন গড়ে তোলার প্রস্তাব উত্থাপন করা হয় এ সম্মেলনে।

ইয়াল্টা সম্মেলনঃ ইউক্রেনের ইয়াল্টায় ৪-১১ ফেব্রুয়ারি, ১৯৪৫ সালে শীর্ষ ৩ নেতার বৈঠক অনুষ্ঠিত হয়। এ সম্মেলনে পাঁচটি স্থায়ী সদস্যকে “ভেটো ক্ষমতা” প্রদান করা হয়।

সানফ্রান্সিসকো সম্মেলনঃ এ সম্মেলনের ব্যাপ্তিকাল ২৫ এপ্রিল- ২৬ জুন, ১৯৪৫ সাল। সানফ্রান্সিসকো সম্মেলনে বিশ্বের ৫০ টি দেশ জাতিসংঘ সনদে স্বাক্ষর করে। জাতিসংঘ সনদের রচয়িতা হলেন মার্কিন কবি ও সাহিত্যিক Archibald Macleish।

• জাতিসংঘ বা United Nations Organization নামটির প্রস্তাবক মার্কিন প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট। পরবর্তীতে ২৬ টি দেশের প্রতিনিধিদের গৃহীত ঘোষণা অনুযায়ী ১ জানুয়ারি, ১৯৪২ সালে অফিশিয়ালি নামটি সর্বপ্রথম নামটি ব্যবহার করা হয়। ২৪ অক্টোবর, ১৯৪৫ সালে যুক্তরাষ্ট্রের সান ফ্রান্সিসকোতেই জাতিসংঘ গঠিত হয়।

❖ জাতিসংঘের অফিশিয়াল ভাষা ৬টি। এগুলো হলো- ইংরেজি, ফ্রেঞ্চ, স্প্যানিশ, রুশ, চীনা ও আরবি। তবে জাতিসংঘের দাপ্তরিক ভাবে কার্যকর ভাষা হল ইংরেজি ও ফ্রেঞ্চ। এছাড়াও কিছু প্রস্তাবিত দাপ্তরিক ভাষা- বাংলা, হিন্দি, জার্মান, পর্তুগিজ, তুর্কি, জাপানি ইত্যাদি।

❖ যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক শহরে জাতিসংঘের সদর দপ্তর অবস্থিত। সদর দপ্তর নিউইয়র্কে হলেও জাতিসংঘের বেশ কিছু অঙ্গ সংগঠনের প্রধান কার্যালয় সুইজারল্যান্ডের জেনেভা, নেদারল্যান্ডের দ্য হেগ, অস্ট্রিয়ার ভিয়েনা, কানাডার মন্ট্রিল, ডেনমার্কের কোপেনহেগেন, জার্মানীর বন ইত্যাদি স্থানে অবস্থিত। নিউইয়র্ক এ অবস্থিত জাতিসংঘের সদর দপ্তর তৈরীর জন্য জমি উপহার দেন মার্কিন ধনকুবের জন ডি রকফেলার জুনিয়র। ১০ ডিসেম্বর, ১৯৪৫ মার্কিন কংগ্রেস জাতিসংঘে যুক্তরাষ্ট্রের সদরদপ্তর নির্মাণের জন্য আমন্ত্রণ জানায়।

- ❖ জাতিসংঘ বিশ্ববিদ্যালয় জাপানের টোকিওতে অবস্থিত।
- ❖ জাতিসংঘের প্রথম মহাসচিব- ড্রিগভেলি (নরওয়ে)।
- ❖ জাতিসংঘের বর্তমান মহাসচিব- আন্তোনিও গুতেরেস (পর্তুগাল)। তিনি জাতিসংঘের নবম মহাসচিব।
- ❖ জাতিসংঘে বাংলাদেশের বর্তমান স্থায়ী প্রতিনিধি-রাবাব ফাতেমা।
- ❖ জাতিসংঘের প্রতিষ্ঠাকালীন সদস্য- ৫১টি দেশ।
- ❖ বর্তমানে জাতিসংঘের সদস্য রাষ্ট্র - ১৯৩ টি।
- ❖ জাতিসংঘের সর্বশেষ সদস্য - দক্ষিণ সুদান (২০১১)।
- ❖ জাতিসংঘের স্থায়ী পর্যবেক্ষক রাষ্ট্র - ভ্যাটিকান সিটি ও ফিলিস্তিন।
- ❖ জাতিসংঘে যেসব রাষ্ট্র চাঁদা প্রদান করে না- টোঙ্গা, নাউরু ও কিরিবাতি।
- ❖ বাংলাদেশ জাতিসংঘের সদস্য পদ লাভ করে- ১৭ সেপ্টেম্বর, ১৯৭৪ সালে (১৩৬ তম সদস্য)।
- ❖ জাতিসংঘের সদস্য দেশগুলোর মধ্যে ক্ষুদ্রতম দেশ হলো- মোনাকো (আয়তনে), টুভ্যালু (জনসংখ্যায়)।
- ❖ জাতিসংঘের সদস্য দেশগুলোর মধ্যে বৃহত্তম দেশ হলো- রাশিয়া (আয়তনে), চীন (জনসংখ্যায়)।
- ❖ পূর্বে সদস্য ছিল বর্তমানে নেই- তাইওয়ান।
- ❖ সদস্য পদ ত্যাগ করে পুনরায় যোগদান করে ইন্দোনেশিয়া।